মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

এইচএসসি পরীক্ষা-২০২৬ (সাপ্লিমেন্টারি) এর ফরম পুরণ বিজ্ঞপ্তি

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি-২৬/সাপ্লিমেন্টারি/৪১৫(১০০০) **তারিখ ঃ** ০৪/১১/২০২৬ খ্রিঃ

শুধুমাত্র ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে সর্বোচ্চ ০২ (দুই) বিষয়ে (৪র্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য হয়েছে তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ০১/১২/২০২৬ খ্রি. থেকে শুরু হবে। এ লক্ষ্যে ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার আবেদন ফরম পুরণের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

০২। **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ও ফরম পূরণ :** শিক্ষার্থীদের ফরম পুরণের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dinajpurboard.gov.bd) এর e-FF Link-এ প্রকাশ করা হবে। **উক্ত সম্ভাব্য তালিকা হতে নিম্নে বর্ণিত নিয়মানুযায়ী ০৫/১১/২০২৬ তারিখ থেকে ০৯/১১/২০২৬ তারিখ পর্যন্ত Online-এ ফরমপুরণ (e-FF সম্পন্ন করে) করতে হবে।**

- প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত ওয়েবসাইটের eFF Link-এ Click করে প্রতিষ্ঠানের EIIN ও HSC Registration-এর Password দিয়ে Login করে প্রাপ্ত Probable List Print করে হার্ডকপিতে লালকালির বলপেন দিয়ে টিক চিহ্ন প্রদানপূর্বক পরীক্ষার্থী বাছাই/Select করতে হবে।
- উক্ত হার্ডকপিতে (Probable List) টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত সম্ভাব্য তালিকায় (Probable List) Online এ সংশ্লিষ্ট পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও নামের পার্শ্বে ক্লিক করে ফরমপুরণ সম্পন্ন করতে হবে।
- পরীক্ষার্থী সিলেক্ট করার পর প্রাপ্ত Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করতঃ প্রয়োজন হলে কোন পরীক্ষার্থী বাদ পড়ে থাকলে তাকে সংযুক্ত করা এবং বেশি হয়ে থাকলে তাকে বাদ দেয়া যাবে।
- একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিঃ নম্বর ও নাম দিয়ে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা হতে পরীক্ষার্থী নির্বাচন করার পর Temporary List এ ঢুকে সঠিকভাবে যাচাই-বাছাই শেষে "Generate Payslip" Button-এ ক্লিক করে প্রতিষ্ঠান প্রধানের নাম ও Mobile No. দিয়ে Save Button-এ Click করলে সোনালী ব্যাংকের Payment Gateway দেখাবে। যেমন Sonali Bank, Cards, Mobile Banking। Gateway গুলোর যেকোন একটি মাধ্যমে ফি Payment করতে হবে। Payment করার সাথে সাথে Final List পাওয়া যাবে।
- **Payment করার মাধ্যম ঃ**
  (ক) সোনালী ব্যাংক অনলাইন Account;
  (খ) Card Service (NEXUS, AMEX, VISA, MASTER CARD);
  (গ) Mobile Banking (Nagad, bKash, Rocket, Upay, TAP, Okwallet)
- শুধুমাত্র উপরোক্ত মাধ্যমে অনলাইনে ফি জমা দিতে হবে। ***সোনালী সেবার মাধ্যমে কোন ফি ব্যাংকে জমা দেয়া যাবে না।***
- **নির্ধারিত তারিখের মধ্যে যতবার প্রয়োজন ততবার ফরমপুরণ করা যাবে।**
- **Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতঃ প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর প্রদানপূর্বক প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।**

০৩। **ফরম পুরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বিবরণ :**

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
(ক)	প্রদর্শিত সম্ভাব্য তালিকা (Probable list) হতে Online-এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন **"সোনালী ই-সেবার"** মাধ্যমে ফিসের অর্থ জমা দেওয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোনো পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে।	**০৫/১১/২০২৬ থেকে ০৯/১১/২০২৬**
(খ)	**"সোনালী ই-সেবার"** মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ:	**১০/১১/২০২৬**

০৪। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সাপ্লিমেন্টারি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৫। পরীক্ষার ফি:

ক) তত্ত্বীয়: প্রতি পত্র/বিষয় (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী): ১২৫/- (একশত পঁচিশ টাকা)

খ) ব্যবহারিক: প্রতি পত্র/বিষয় (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী): ২৫/- (পঁচিশ টাকা)

০৬। কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :

ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।

খ) তত্ত্বীয় বিষয়সমূহের আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। বোর্ড অফিস হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই ফরমপুরণ আবেদন গ্রহণ করা হবে না।

০৪/১১/২৬

প্রফেসর মোঃ বোরহান উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি-২৬/সাপ্লিমেন্টারি/**৪১৫(১০০০)** **তারিখ ঃ** ০৪/১১/২০২৬ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৪। পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৫। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৭। অধ্যক্ষ, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১০। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
১১। Website Copy।
১২। অফিস কপি।

০৪/১১/২৬

মোঃ জহুরুল ইসলাম প্রামানিক
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর